এক নজরে

# উপজেলা সমবায় কার্যালয়,সিরাজদিখান,মুন্সীগঞ্জ এর কার্যক্রম ঃ

❉সমবায় কি এবং কেন ঃ-

সমবায় ঃ- সমবায় হল - আর্থ সামাজিক উন্নয়নের একটি শক্তিশালী মাধ্যম, যাহা আর্থিক স্বচ্ছলতা ও স্বাবলম্বী হওয়ার সর্বোত্তম উপায় ও পরিকল্পনা, এতে অংশিদারিত্ব/মালিকানা স্বীকৃতি প্রদান করে।

কেনঃ- সমবায় সংগঠন ক্ষুদ্র সঞ্চয় ও ক্ষদ্র শক্তিকে সংঘবদ্ধ করে,যৌথ প্রচেষ্টার মাধ্যমে মানুষের আর্থ-সামাজিক মুক্তি এনে দেয়।

❉সমবায় সংগঠন ঃ- একই এলাকার সমমনা কতিপয় পূর্ন বয়স্ক ব্যক্তি একই উদ্দেশ্যে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে একত্রিত হয়ে যে প্রতিষ্ঠান গড়ে তুলে তাকে বলা হয় সমবায় সমিতি / সমবায় সংগঠন।

❉সমবায় আইন ও বিধি ঃ সমবায় সমিতির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আইন ও বিধি সমূহ,

১. আইন ঃ সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধীতঃ ২০০২ ও ২০১৩)
২. বিধি ঃ সমবায় সমিতি বিধিমালা, ২০০৪
৩. উপ-আইন ঃ সমবায় সমিতি লিঃ এর উপ-আইন।

❉সমবায় কার্যক্রম ঃ

ক) উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৩ বিধির আলোকে ক্যাটাগরী অনুযায়ী সমবায সমিতি নিবন্ধন আদেশ প্রদান করে থাকে। ক্যাটাগরী নিম্নরুপ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১। | কৃষি/কৃষক | ০২। | মৎস্যজীবি / মৎস্য চাষী | ০৩। | শ্রমজীবি |
| ০৪। | মৃৎশিল্পী | ০৫। | তাঁতী | ০৬। | ভুমিহীন |
| ০৭। | বিত্তহীন | ০৮। | মহিলা | ০৯। | অটোরিক্সা,অটোটেম্পো,ট্যাক্সিক্যাব,মটর,ট্রাক,ট্রাঙ্কলরি চালক |
| ১০। | হকার্স | ১১। | পরিবহন মালিক/ শ্রমিক | ১২। | কর্মচারী |
| ১৩। | দুগ্ধ | ১৪। | মুক্তিযোদ্ধা | ১৫। | যুব |
| ১৬। | পানি ব্যবস্থাপনা | ১৭। | সার্বিক গ্রাম উন্নয়ন | ১৮। | গৃহায়ন |
| ১৯। | ফ্লাট/এপার্টমেন্ট | ২০। | দোকান মালিক/ব্যবসায়ী/মার্কেট | ২১। | ভোগ্যপন্য |
| ২২। | সঞ্চয়-ঋনদান | ২৩। | কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন | ২৪। | কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি |
| ২৫। | বহুমুখী | ২৬। | কেন্দ্রীয় সমবায় ব্যাংক | ২৭। | উপজেলা/থানা কেন্দ্রীয় সমবায় সমিতি |
| ২৮। | কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ | | | ২৯। | বাংলাদেশ সমবায় ব্যাংক |
| ৩০। | অন্যান্য সমবায় সমিতি। | | | ৩১ | বর্তমানে উৎপাদনকারী সমবায় সমিতি নিবন্ধন |

খ. এই উপজেলার মোট ক্যাটাগরীতে নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ঃ কেন্দ্রীয় ৩ টি এবং প্রাথমিক ৩৬ টি।

গ. উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে নিবন্ধিত সমবায় সমিতিতে কার্যক্রম নিম্নরুপ ঃ

০১. সমবায় সমিতির নিবন্ধন আদেশ ও নিবন্ধন বাতিলের আদেশ এবং উপ-আইন সংশোধনের আদেশ প্রদান।
০২. প্রতি বছর বিধিবদ্ধ বার্ষিক অডিট সম্পাদন এবং অডিট প্রতিবেদনের উপর টেষ্ট অডিট করন ও পর্যালোচনা করন।
০৩. পরিদর্শন, তদন্ত, ভিজিট ও তদারকী করন।
০৪. ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ও নির্বাচন কমিটি অনুমোদন, সাধারন সভা আহবান সম্পর্কে দিক নির্দেশনা প্রদান।
০৫. সমবায় সমিতির আর্থিক বাজেট অনুমোদন।
০৬. প্রকল্প ঋণের ক্ষেত্রে সম্ভাব্যতা যাচাই করে সুপারিশ প্রেরন।
০৭. লিকুইডেশনে ন্যাস্তেও আদেশ প্রদান ও কার্যক্রম যাচাই।
০৮. ডিসপুট মামলার কার্যক্রম পরিচালনা ও রায় ঘোষনা।
০৯. বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান ও ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান।
১০. সমবায় কার্যক্রমে মাসিক, ত্রৈ-মাসিক ও বার্ষিক রির্টান প্রেরন।
১১. লভ্যাংশ বিতরনের কার্যক্রম পরিচালনা।
১২. ঋন দাদন ও আদায় করন।
১৩. অডিট ফি (সরকারী রাজস্ব) ধার্য্য ও আদায় করন।
১৪. সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য ও আদায় করন
১৫. সমবায় সম্পর্কিত বিভিন্ন মামলা ও রীট পিটিশন এবং আপীল মামলা নিষ্পত্তির জবাব প্রেরন।

❋উন্নয়ন মূলক কর্মকান্ডঃ-

❖প্রতি মাসে উপজেলা সমবায় কার্যালয়, সিরাজদিখানের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়, মুন্সীগঞ্জ কর্তৃক ভ্রাম্যমান প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা হয় । যার মাধ্যমে সমবায়ীদের সমবায় আইন ও বিধিমালা বিষয়ে এবং সমিতির হিসাব সংরক্ষনের বিষয়ে প্রশিক্ষিত করা হয়।

❖এছাড়া প্রতি ১ মাস অন্তর সিরাজদিখানে অবস্থিত সমবায় সমিতি সদস্যদের সমবায় সম্পর্কিত সেলাই, কম্পিউটার, মোবাইল সার্ভিসিং,অটোমেকানিক, সমবায় ব্যবস্থাপনা বিষয়ে দক্ষ হিসেবে গড়ে তোলার জন্য সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত আঞ্চলিক সমবায় শিক্ষায়াতন নরসিংদী, ফরিদপুর, মুক্তগাছা ও বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লায় প্রশিক্ষণ দেওয়া হয়।

❖দারিদ্র বিমোচনের লক্ষ্যে জিওবি এর অর্থায়নে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কর্তৃক বাস্তবায়নাধীন সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিবিডিপি) নামে একটি প্রকল্প সমবায় বিভাগ কর্তৃক পরিচালিত হচ্ছে। উক্ত প্রকল্প কর্তৃক গঠিত ৬০ টি সংগঠনকে আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সুবিধাদি প্রদান করা হচ্ছে।

❖সিভিডিপিভুক্ত সমিতি এলাকার সমবায়ী বিশেষ করে বেকার যুবক যুবতীদের উপজেলাস্থ জাতিগঠনমূলক বিভাগসমূহ কর্তৃক প্রশিক্ষণ প্রদান (প্রতি বিষয়ে ৩দিন ব্যাপী)।

❖সেলাই ও দর্জি বিদ্যা, ইলিকট্রিক্যাল, প্লাম্বিং ও পাইপ ফিটিং বিষয়ে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, কোটবাড়ী, কুমিল্লায় ২১ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান।

❖সিভিডিপির উদ্যোগে সমিতি এলাকায় বিষয় ভিত্তিক উন্নয়ন কর্মীদের জন্য কৃষি উন্নয়ন, মৎস্য উন্নয়ন, হাঁস্‌ মুরগী ও গবাদী পশু উন্নয়ন, স্বাস্থ্য পুষ্টি ও পরিবার পরিকল্পনা, গ্রামীন উদ্যোক্তা উন্নয়ন, মহিলা ও শিশুদের ক্ষমতায়ন ও মানবাধিকার সংরক্ষন বিষয়ক বিশেষ প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।

❋সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়াঃ-

০১. ক. প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে কমপক্ষে ২০ জন ব্যক্তি সদস্য।
খ. কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে কমপক্ষে ১০ টি প্রাথমিক সমবায় সমিতি।
গ. জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে কমপক্ষে ১০ টি কেন্দ্রীয়/ প্রাথমিক সমবায় সমিতি।
০২. ব্যক্তি সদস্যের বয়স ১৮ বছর।
০৩. ভর্তি ফি, শেয়ার, সঞ্চয় আমানত ও বিধির নির্ধারিত হারে আদায় করতে হবে।
০৪. প্রতি সদস্যেও পাসপোর্ট সাইজের রঙীন ছবি দিতে হবে।
০৫. জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয় পত্র/ ইউপি চেয়ারম্যান বা পৌর মেয়রের সনদ সত্যায়িত ফটোকপি (প্রয়োজন মতে অন্যান্য সনদ)।
০৬. সমবায় বিধি অনুযায়ী নিবন্ধনের আবেদন পত্র।
০৭. ক্যাটাগরী অনুযায়ী ৩ কপি উপ-আইন (সমবায় আইন ও বিধির আলোকে প্রনীত)।
০৮. ক্যাটাগরী অনুযায়ী নিবন্ধন ফি জমা প্রদানের চালানের কপি।
০৯. আগামী ২ বছরের অগ্রীম উন্নয়ন পরিচালনা বাজেট।
১০. সাংগঠনিক সভার কার্যবিবরনী ইহাতে থাকবে সমিতির নাম, ঠিকানা, কর্ম ও নির্বাচনী এলাকা, বাজেট, উপ-আইন, ভর্তি ফি, বিবিধ, শেয়ার ও সঞ্চয় আমানত নির্ধারন, সংগঠক নিয়োগ, যোগাযোগের কর্মী নিয়োগ ইত্যাদি।
১১. সদস্য বহি, শেয়ার খতিয়ান ও সঞ্চয় খতিয়ান সদস্যদের লিপিবদ্ধ অংশের ফটোকপি।
১২. সদস্যদের অঙ্গীকার নামা।

❋সমবায়ে সম্পৃক্ত অন্যান্য দপ্তর এবং তাদের কার্যক্রমঃ-

০১.বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড **(BRDB)**

ক. কৃষক, মহিলা ও বিত্তহীন এই তিন কেন্দ্রীয় নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতি রয়েছে এবং নিবন্ধনের সীমাবদ্ধতাও রয়েছে।
খ. সমবায় সমিতি নিবন্ধনের একতিয়ার শুধু সমবায় অধিদপ্তরের।
গ. বিধি সম্মত সকল কার্যক্রম পরিচালনা করে থাকে সমবায় অধিদপ্তর।
যেমনঃ অডিট, পরিদর্শন, তদন্ত, টেষ্ট অডিট, অডিট নোট পর্যালোচনা, নির্বাচন কমিটি, অন্তবর্তী কমিটি, ব্যবস্থাপনা কমিটি বাতিল, ডিসপুট মামলা পরিচালনা, লিকুইডেশনে ন্যাস্ত, উপ-আইন সংশোধন, নিবন্ধন বাতিল অডিট ফি (সরকারী রাজস্ব) ধার্য্য ও আদায়, ধার্য্য ও আদায় ইত্যাদি।
ঘ. শুধু ঋণ কার্যক্রম পরিচালনা এবং কেন্দ্রীয় সমিতির সাচিবিক/ নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালন করে থাকে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। তিনি সমিতির ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রনে।
ঙ. এই উপজেলায় পউবো ভুক্ত ০২টি কেন্দ্রীয় সমিতি ও এর আওতায় ২৬১ টি প্রাথমিক সমবায় সমিতি লিঃ রয়েছে।

০২. স্থানীয় প্রকৌশল দপ্তর (LGED) পানি উন্নয়ন বোর্ড এবং তাদের কার্যক্রমঃ

ক. শুধু পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি নিবন্ধনের সীমাবদ্ধতা রয়েছে।

খ. সমবায় সমিতি নিবন্ধনের এখতিয়ার শুধু সমবায় অধিদপ্তর।

গ. বিধি সম্মত সকল কার্যক্রম পরিচালন করে থাকে সমবায় অধিদপ্তর।

ঘ. (LGED) ও পানি উন্নয়ন বোর্ড শুধু পানি ব্যবস্থাপনার অবকাঠামোগত প্রকৌশলী কার্যক্রম পরিচালনা করে থাকে।

ঙ. এই উপজেলায় (LGED) অধিনে নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১ টি এবং পানি উন্নয়ন বোর্ডের কোন নিবন্ধিত সমবায় সমিতি নেই।

০৩. বাংলাদেশ সমবায় ব্যাংক ঃ

ক. ইহা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত একটি জাতীয় প্রতিষ্ঠান।

খ. প্রাথমিক ও কেন্দ্রীয় সমিতি এর আওতাভূক্ত সদস্য সমিতি হতে পারে।

গ. এই প্রতিষ্ঠান কেন্দ্রীয় ব্যাংকের মাধ্যমে স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী ঋণ প্রদান করে থাকে।

০৪. বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ

ক. ইহা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত একটি জাতীয় প্রতিষ্ঠান।

খ. প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি ইহার সদস্য সমিতি হতে পারে।

গ. এই প্রতিষ্ঠানের একটি খ্যাত নামা প্রকল্পের নাম মিল্ক ভিটা।

ঘ. নিবন্ধিত দুগ্ধ সমবায় সমিতির সংখ্যা ৪ টি।

০৫. আশ্রয়ন প্রকল্পঃ

ক. ইহা একটি সরকারী প্রকল্প মাননীয় প্রধান মন্ত্রীর দপ্তর ইহার কার্যক্রম নিয়ন্ত্রন করে থাকে।

খ. প্রকল্পের জমি, গৃহ নির্মান ও অন্যান্য অবকাঠামো সরকারী অর্থায়নে করা হয়েছে।

গ. প্রকল্পের সার্বিক কর্মকান্ড তদারকি করে থাকেন জেলা প্রশাসক।

ঘ. প্রকল্পে ঋণ বিতরন করা হয়েছে।

ঙ. প্রকল্প ভুক্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ৩ টি।